


তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা-২০১০

প্রবিধান-৩(১) মতে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এর স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের বিবরণঃ-

প্রকাশের তারিখ : ২৯ ডিসেম্বর ২০২২

১	জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা ও দায়িত্ব	ওয়েবসাইট
২	সংশ্লিষ্ট আইন, বিধিবিধান তালিকা	ওয়েবসাইট
৩	তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি	ওয়েবসাইট
৪	তথ্য প্রদানে আপীল কর্মকর্তার তথ্যাদি	ওয়েবসাইট
৫	তথ্য অধিকার সংক্রান্ত তথ্য	ওয়েবসাইট
৬	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত তথ্যাদি	ওয়েবসাইট
৭	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্যাদি	ওয়েবসাইট
৮	জেলা পর্যায়ের মাসিক সভার নোটিশ ও সভার কার্যবিবরণী	ওয়েবসাইট
৯	ই-সেবা সংক্রান্ত তথ্যাদি	ওয়েবসাইট
১০	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি	ওয়েবসাইট
১১	শ্রান্তি বিনোদন সংক্রান্ত অফিস আদেশ	ওয়েবসাইট
১২	পাসপোর্ট সংক্রান্ত অনাপত্তি প্রদানের অফিস আদেশ	ওয়েবসাইট
১৩	বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর সংক্রান্ত অফিস আদেশ	ওয়েবসাইট
১৪	জেলা প্রশাসনের অধিনে জনবল নিয়োগের পরীক্ষাসূচি ও উত্তীর্ণদের চুরান্ত তালিকা প্রকাশ	ওয়েবসাইট
১৫	বিজ্ঞপ্তি	ওয়েবসাইট
১৬	জলমহাল, বালুমহাল, ইজারা বিজ্ঞপ্তি	ওয়েবসাইট
১৭	সরকারি বিভিন্ন কল সেন্টার নম্বর	ওয়েবসাইট


২৯/১২/২০২২

(সুনন্দা সরকার প্রমা)
সহকারী কমিশনার
তথ্য ও অভিযোগ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম।


স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

[তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত]

- ০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে প্রত্যেক কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করবে।
- ০২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ অনুসারে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ০৩। প্রত্যেক কর্তৃপক্ষ স্ব-প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০৪। ওয়েবসাইটে প্রতিবন্ধীসহ সংশ্লিষ্ট সকল ব্যবহারকরীগণের উপযোগী করে তৈরী করতে হবে।
- ০৫। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলী অবশ্যই ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করতে হবে। ওয়েবসাইটের কারিগরি দিকসমূহ সরকার অনুমোদিত ইন্টারঅপারেবিলিটি গাইডলাইনের আলোকে প্রস্তুত করতে হবে।
- ০৬। নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে।
- ০৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ বছরে অন্তত একবার তথ্য ও সেবা সম্পর্কিত নাগরিক সভা করবে এবং সভা সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ০৯। তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর তফসিল ১ এবং ২ এর কলাম ২ এ বর্ণিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১০। নতুন কোন আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১১। ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদের সর্বশেষ তারিখ লিখতে হবে।
- ১২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য-ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবছর নিরীক্ষা করতে হবে। কর্তৃপক্ষ অডিট রিপোর্টটি প্রতিবছর তথ্য কমিশনে গেরণ করবে। তথ্য কমিশন অডিট রিপোর্টের আলোকে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ/দিকনির্দেশনা প্রদান করবে।
- ১৪। তথ্য কমিশন প্রতিবছর দৈবচয়নের (Random) ভিত্তিতে কর্তৃপক্ষের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা ব্যবহারের অগ্রগতি বিষয়ক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে।
- ১৫। স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্ভাব্য ব্যয় কর্তৃপক্ষ কর্তৃক বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।
- ১৬। মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।
- ১৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সংগতি রেখে কর্তৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ১৮। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং তথ্য কমিশনকে অবহিত করবে।
- ১৯। বিভিন্ন পর্যায়ে গঠিত ইনোভেশন টিম স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তত্ত্বাবধান করবে।

তথ্য কমিশনের অনুমোদনক্রমে




(মোঃ ফরহাদ হোসেন)
সচিব
২০২৪
তথ্য কমিশন, ঢাকা।